

আমাদেৱময়

সাত কলেজের শিক্ষার্থীদের ঢাবিতে অবস্থানের চেষ্টা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:২৬

আমাদেৱময়

তিন দফা দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা রাজু ভাস্কর্যের পাদদেশে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালনের চেষ্টা করেছেন। তবে বিশ্ববিদ্যালয়ের প্রটোরিয়াল টিম ও পুলিশের বাধায় তারা সেখানে বেশিক্ষণ অবস্থান করতে পারেননি। গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে এই মানববন্ধন ও অবস্থান কর্মসূচি শুরু করেন শিক্ষার্থীরা। পরে প্রটোরিয়াল টিমের সদস্যরা তাদের এখান থেকে সরে যেতে বলেন। এ সময় সাত কলেজের শিক্ষার্থীরা সরে যেতে না চাইলে পুলিশ ও প্রটোরিয়াল টিমের সদস্যরা তাদের ছেড়ে দেন। পুলিশ কয়েকজনকে আটকেরও চেষ্টা করে।

এ ব্যাপারে কবি নজরুল সরকারি কলেজের শিক্ষার্থী আহসান হাবীব বলেন, আমরা তিন দফা দাবি নিয়ে রাজু ভাস্কর্যের সামনে মানববন্ধন ও অবস্থান করতে এসেছিলাম, যাতে আমাদের বিষয়ে ঢাবি প্রশাসনের সিদ্ধান্ত জানাতে পারি। কিন্তু আমাদের সেই যৌক্তিক আন্দোলনে পুলিশ ও প্রটোরিয়াল টিম বাধা দেয়। তারা আমাদের ব্যানার ছিনয়ে নিয়েছে। আমরা এখন

আপাতত আমাদের কার্যক্রম স্থগিত করেছি। পরবর্তী কর্মসূচি শিগগিরই ঘোষণা করব।

ইডেন কলেজের শিক্ষার্থী প্রিয়াংকা আক্তার বলেন, আমরা কলেজ কর্তৃপক্ষের কাছে গেলে তারা বলে- ঢাকা বিশ্ববিদ্যালয় এগুলো নিয়ন্ত্রণ করবে। আবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে এলে তারাও আমাদের কথার কোনো কর্ণপাত করে না। তা হলে আমরা কাছে যাব?

অনেক দিন ধরেই সাত কলেজের শিক্ষার্থীরা তিন দফা দাবি জানিয়ে আসছেন। দাবিগুলো হচ্ছে- অনার্স ২০১৭-১৮ ও ২০১৮-১৯ সেশনের করোনাকালীন দিক বিবেচনা করে এবং দীর্ঘ ১১ মাস পর ফল প্রকাশে বিলম্বিত হওয়ায় তিন বিষয়ে

অকৃতকার্য শিক্ষার্থীদের পরবর্তী বর্ষে বিশেষ পরীক্ষার মাধ্যমে সুযোগ দেওয়া, সিলেবাস সংক্ষিপ্ত করা এবং পরীক্ষার প্রশ্ন ও নম্বর পদ্ধতিতে পরিবর্তন আনা, সেমিস্টার পদ্ধতি চালু করা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মতুন খাতোর সৈনিক
আমাদের মমতা

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy